শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫২৮.০১.০১১.২৪. ৫৪৪

তারিখঃ ১৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

# লাইন টেকনিশিয়ান পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ লাইন টেকনিশিয়ান এর শূন্য পদ পূরণের নিমিত্ত পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত লাইনক্রুগণের মধ্যে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এর আলোকে পদোন্নতির যোগ্যতা আর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | (ক) এসএসসি বা সমমান পাস (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইনক্রু হিসেবে মোট চাকুরীকাল কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) পবিস বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট বা বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) কম্পিউটার চালনায় জ্ঞান থাকতে হবে।<br>(জ) লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ঝ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের ন্যূনতম বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>(ঞ) পদোন্নতির ক্ষেত্রে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদান ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী ১৭/০২/২০২৪ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর তপসীডাঙ্গা, যশোর এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।

(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি।

(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি।

(ঙ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ এবং অনাপত্তি সনদ থাকতে হবে।

(ছ) জাতীয় পরিচয়পত্র এবং নাগরিকত্ব সনদের ফটোকপি।

(জ) আবেদনকারী বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড, ০১ (এক) বছরের মধ্যে কোন লঘুদন্ড, ০৫ বছরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বছরের মধ্যে একাধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষার অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।

০৪। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৫। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। অত্র পবিসের কোন কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় "চলতি দায়িত্ব" পদে নিয়োগ করা হবে। "চলতি দায়িত্ব" থাকাকালীন ০১ (এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৮। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকরীদের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৯। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারণ করা হবে।

১০। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমাণিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/২/২৪

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৩। ডিজিএম (সদর-কারিঃ/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা/বাঘারপাড়া)জোনাল অফিস, যশোর পবিস-১।
০৪। এজিএম (বাগআঁচড়া/বাঁকড়া/রুপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া) সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
০৫। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), যশোর পবিস-১।
০৬। এজিএম(আইটি-১/২), যশোর পবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
০৭। নোটিশ বোর্ড, যশোর পবিস-১।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

২২/২/২৪

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

D:\DEO-Shrabony\HR Department'2020\Recruitment'2020\Nioug Biggopti.doc